ঝিকরগাছা উপজেলা পরিষদ
জেলা-যশোর

স্মারক নং: ৪১.০১.৪১২৩.০০০.১৬.০১৬.১৯ তারিখ-৩০/০৭/২০২৫ খ্রি:

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সাধারণ সভার কার্যবিবরণী -

সভার নাম	সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
সভাপতি	জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর
সভার তারিখ	৩০/০৭/২০২৫ খ্রি:
সময়	সকাল ১১.৩০ ঘটিকা।
সভার স্থান	উপজেলা প্রশাসকের কার্যালয়, ঝিকরগাছা, যশোর।
উপস্থিত সদস্যবৃন্দ	উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক) সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন অতঃপর বিগত সভার কার্যবিবরনী পর্যালোচনা পূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়।

১। আলোচ্য বিষয়-১: আলোচ্যসূচি অনুযায়ী বিগত সাধারণ সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি পর্যায়	পরবর্তী করণীয়
০১	২০২৪-২০২৫ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের ভাতা প্রদান নিশ্চিত করার জন্য নির্ভুল ভাবে পে-রোল প্রদানের সিদ্ধান্ত হয়।	২০২৪-২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের ৪ কিস্তির (জুলাই- ২৪ হতে জুন / ২৫) ১০০% সঠিক পে-রোল প্রদান করা হয়েছে।	২০২৫-২৬ অর্থবছরে সকল (১ম + ২য় + ৩য় + ৪র্থ) কিস্তির পে-রোল নির্ভুল ভাবে প্রেরণ এবং মৃত ভাতাভোগীদের স্থলে ভাতাভোগী প্রতিস্থাপন।

২। আলোচ্য বিষয় -০২ ঃ অন্যান্য আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ-

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	বিশ্রামাগার	সদস্য সচিব সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ে বয়স্ক ও প্রতিবন্ধী ব্যক্তিগণ সেবা গ্রহণের জন্য নিয়মিত যাতায়াত করেন। স্থান ও প্রয়োজনীয় আসবাবপত্রের অপ্রতুলতার জন্য প্রায় সেবা প্রার্থীরা দাঁড়িয়ে সেবা গ্রহণ করেন। যা পীড়াদায়ক। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	বিষয়টি জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক যথাযথ কর্তৃপক্ষের নিকট চাহিদা প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসার, ঝিকরগাছা,যশোর
০২	ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন	সদস্য সচিব সভায় জানান যে, প্রতিবছর অর্থ বছরের শুরুতে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন করা হয়। চলতি জুলাই - ২৫ মাসে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করে মৃত ভাতাভোগী শণাক্ত করা হয়েছে।	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন নিয়মিত করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার, ঝিকরগাছা,যশোর।

CamScanner

		করা হয়েছে।		
০৩	কম্পিউটার প্রিন্টার	সদস্য সচিব সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, ঝিকরগাছা, যশোর এ সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর আওতায় ভাতাভোগীদের তালিকা সহ ও অন্যান্য কাজের তথ্য প্রতিনিয়ত প্রিন্ট করে ইউনিয়ন পরিষদসহ অন্যান্য দফতরে সরবরাহ করতে হয়। অত্র দফতরে ভাল প্রিন্টার না থাকায় সরকারী প্রয়োজনীয় কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।	উপজেলা সমাজসেবা কার্যালয়, ঝিকরগাছা, যশোর এ ভালো মানের একটি কম্পিউটার প্রিন্টার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষ কে অনুরোধ জানানো সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ঝিকরগাছা ,যশোর

৩। অত:পর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর ।
ফোন-
মোবাইল-০১৩১৮২৫২৯৩৭
ই-মেইল unojhikargacha@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ঝিকরগাছা, যশোর।
https://dss.jhikargacha.gov.bd

স্মারক নংঃ ৪১.০১.৪১২৩.০০০.০০০.১৮.০০০১.২৫-

তারিখঃ ৩০ / ০৭ /২০২৫ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১। জেলা প্রশাসক,যশোর।
২। উপজেলা নির্বাহী অফিসার,ঝিকরগাছা,যশোর।
৩। উপপরিচালক,জেলা সমাজসেবা কার্যালয়,যশোর।
৪। অফিস কপি

মেজবাহ উদ্দীন
উপজেলা সমাজসেবা অফিসার ও
সদস্য সচিব
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর।
ফোন-০২৪৭৭৭৬৯২৫২
মোবাইল-০১৭১৩৯০৬৩১৫
ই-মেইল-usso.jhikargach.jsr@gmail.com

CamScanner